# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬২২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ অন্যান্য মসজিদে সালাত আদায় করার চেয়ে মসজিদে নববীতে সালাত আদায় করা একশ গুণ সাওয়াব বেশি

ذِكْرُ فَضْلِ الصَّلَاةِ فِي مَسْجِدِ الْمَدِينَةِ عَلَى غيره من المساجد بمئة صَلَاةٍ خَلَا الْمَسْجِدَ الْحَرَامَ

---

আরবী

1622 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مُغِيرَةَ عَنْ إِبْرَاهِيمَ عَنْ سَهْمِ بْنِ مِنْجَابٍ عَنْ قَزَعَةَ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: وَدَّعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا فَقَالَ: (أَيْنَ تُرِيد)؟ قَالَ: أُرِيدُ بَيْتَ الْمَقْدِسِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صلاة في هذا المسجد أفضل من مئة صَلَاةٍ فِي غَيْرِهِ إِلَّا الْمَسْجِدَ الْحَرَامَ)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1621 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2902)

بلفظ: ((ألف))، ولفظ: ((مئة)) شاذ.

قَالَ عثمان: سألني أحمد بن حنبل عنه

বাংলা

১৬২২. আবূ সা’ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে বিদায় দিয়ে বলেন, “তুমি কোথায় যাবে?” সে বললো, “আমি বাইতুল মাকদিসে যাবো।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমার এই মাসজিদে আদায় করা মাসজিদে হারাম ব্যতীত অন্য যে কোন মাসজিদে সালাত আদায় করার চেয়ে একশ গুণ সাওয়াব বেশি।”[1]

উসমান বিন আবী শাইবাহ নামক রাবী বলেন, “ইমাম আহমাদ বিন হাম্বাল আমাকে এই হাদীস সম্পর্কে জিজ্ঞেস

করেছিলেন।”

## ফুটনোট

[1] আবূ ইয়ালা: ১১৬৫; বাযযার: ৪২৯; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ৪/৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাজার গুণ শব্দে সহীহ বলেছেন আর একশ গুণের হাদীসকে শায বা দুর্বল বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২৯০২)

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91216

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন